# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 05 April, 2025

পিলখানা হত্যাকাণ্ডে চাকরিচ্যুত বিডিআর সদস্যদের ক্ষতিপূরণসহ চাকরিতে পুনর্বহালের দাবিতে অবস্থান নিয়েছে চাকরিচ্যুত বিডিআর সদস্য ও তাদের পরিবার।

এ কর্মসূচি ঘিরে পিলখানার সামনে জিগাতলা বিজিবি ৪ নং গেট এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়েছে।

এই আন্দোলন ঘিরে অপ্রীতিকর ঘটনা এড়াতে ও নিরাপত্তা নিশ্চিতে বিপুল সংখ্যক পুলিশ সদস্য ছাড়াও মোতায়েন করা হয়েছে সেনাবাহিনী ও বিজিবি সদস্য।

ধানমন্ডি থানা পুলিশের পক্ষ থেকে বিজিবি হেডকোয়ার্টারের ৪ নং গেটের সামনে অবস্থান কর্মসূচি পালন করতে আসাদের অবস্থান না নিতে অনুরোধ জানাতে দেখা যায়।

রোববার এপ্রিল) সকাল সাড়ে ১০টা থেকে ক্ষতিপূরণসহ চাকরি পুনর্বহালের দাবিতে আন্দোলনরত সাবেক বিডিআর সদস্যরা জিগাতলার আশপাশের অবস্থা নেন।চাকরিচ্যুত শতাধিক বিডিআর সদস্য ও তাদের পরিবারের সদস্যদের অবস্থান নিতে দেখা গেছে।তাদের পূর্বঘোষিত অবস্থান কর্মসূচিকে কেন্দ্র করে বিপুল সংখ্যক পুলিশ সদস্য, বিজিবি ও সেনাসদস্য মোতায়েন করা হয়েছে।প্রস্তুত রাখা হয়েছে হয়েছে রায়টকার, জলকামান।

আন্দোলনে অংশ নেওয়া তারেক আজিজ নামে একজন ঢাকা পোস্টকে বলেন, আমরা শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি আহ্বান করেছি।আমাদের দাবি একটাই– ক্ষতিপূরণসহ আমাদের চাকরি ফিরিয়ে দেওয়া হোক।আমরা কোনো বিশৃঙ্খলা বা হাঙ্গামা করতে এখানে আসিনি, দাবি আদায়ের জন্য এসেছি।

বিক্ষোভ ঢাকার খবর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:52

URL: https://www.timestodaybd.com/bangladesh/775807352